



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৪০৮/ক/স্বী:/৯৪(অংশ-১)/১৩৪৭

তারিখ: ২৬/১০/২০২৪

বিষয় : ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন “মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ” এর গভর্নিং বডিতে কলেজ শাখার শিক্ষক প্রতিনিধি জনাব খালেদ হোসেন-এর পদ ও প্রার্থিতা বাতিল প্রসঙ্গে।

সূত্র: ১. জনাব মো: রেহান উদ্দিন, সাবেক অভিভাবক কলেজ শাখা, মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ এর ০২/০৭/২০২৪ তারিখের অভিযোগ।

২. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রেরিত তদন্ত কর্মকর্তার ২৪/১০/২০২৪ তারিখের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন “মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ” এর গভর্নিং বডিতে কলেজ শাখার শিক্ষক প্রতিনিধি জনাব খালেদ হোসেন এর পদ ও প্রার্থিতা বাতিল সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তার সূত্রোক্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী যেহেতু তাঁর নিয়োগ প্রক্রিয়া যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে হয়নি সেহেতু নিয়োগ প্রক্রিয়াটি ক্রটিযুক্ত এবং গভর্নিং বডির শিক্ষক প্রতিনিধি হিসেবেও তার পদ ও প্রার্থিতা যথাযথ বলে প্রতীয়মান হয় না।

এমতাবস্থায় তদন্ত কর্মকর্তার সুপারিশের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন “মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ” এর ইংরেজি বিষয়ের শিক্ষক (কলেজ শাখা) জনাব খালেদ হোসেন এর নিয়োগ প্রক্রিয়াটি বিধি মোতাবেক না হওয়ায় উক্ত প্রতিষ্ঠানের সভাপতিকে তাঁর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো এবং গভর্নিং বডিতে কলেজ শাখার শিক্ষক প্রতিনিধি হিসেবে জনাব খালেদ হোসেন এর পদ ও প্রার্থিতা এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর মো: রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি, গভর্নিং বডি

মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ (EIIN-130865)

মতিঝিল, ঢাকা।

মেমো নং- ১৩৪৭(৬)

তারিখ: ২৬/১০/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা।
- ৫। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। জনাব মো: রেহান উদ্দিন, সাবেক অভিভাবক কলেজ শাখা, মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ।
- ৭। অফিস কপি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।